# মানিক মিয়া অ্যাভিনিউতে অবস্থান নিয়েছেন বিক্ষোভকারী শিক্ষার্থীরা



ছবি: সংগৃহীত

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের পদত্যাগের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা রাজধানীর সায়েন্সল্যাব এলাকা থেকে জাতীয় সংসদ ভবন সংলগ্ন মানিক মিয়া অ্যাভিনিউতে গিয়ে অবস্থান নিয়েছেন। এর আগে তারা মঙ্গলবার (১৪ জুলাই) সন্ধ্যা ৬টার মধ্যে মন্ত্রীর পদত্যাগের আল্টিমেটাম দেন।

বিকেলের দিকে বিক্ষোভকারীদের মানিক মিয়া অ্যাভিনিউ এলাকায় জড়ো হতে দেখা যায়। এতে সড়কটিতে যান চলাচল ব্যাহত হয় এবং আশপাশের এলাকায় যানজটের সৃষ্টি হয়।

দিনের শুরুতে শিক্ষার্থীরা সায়েন্সল্যাব মোড়ে অবস্থান নিয়ে বিক্ষোভ কর্মসূচি পালন করেন। পরে তারা ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের দিকে যান এবং সেখান থেকে ফিরে আবার সায়েন্সল্যাব এলাকায় অবস্থান নেন। এতে রাজধানীর গুরুত্বপূর্ণ এই মোড়ে যানবাহন চলাচলে বড় ধরনের প্রভাব পড়ে।

একই সময়ে রাজধানীর উত্তরা ও মিরপুরের ইসিবি চত্বরেও শিক্ষার্থীদের বিক্ষোভ কর্মসূচি পালনের খবর পাওয়া গেছে। এর ফলে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কসহ আশপাশের সড়কগুলোতে দীর্ঘ যানজট তৈরি হয়।

পরিস্থিতি বিবেচনায় নগরবাসীকে বিকল্প সড়ক ব্যবহার করার পরামর্শ দিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানিয়েছেন, তাদের দাবিগুলো পূরণ না হওয়া পর্যন্ত কর্মসূচি অব্যাহত থাকবে।

LENS ASIA